


নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২২- ১৫০৪

তারিখ : ০৭.০৭.২০২২খ্রি:।

গত ২৩/০৬/২০২২ ইং তারিখ রোজ রবিবার সকাল ০৯:০০ ঘটিকার সময় অত্র কলেজের অধ্যক্ষ, অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা কামাল আজাদ'এর সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের এক সভা অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত হাসপাতাল পরিচালক, উপাধ্যক্ষ, অধ্যাপক, সকল বিভাগীয় প্রধান, ইউনিট প্রধান-কে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

- কুমিল্লা মেডিকেল কলেজের স্টেনো-টাইপিষ্ট মরহুম আমিনুল হক ভূঁইয়া এর মৃত্যুতে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোক প্রস্তাব গৃহিত হয় এবং সাধ্যানুযায়ী আর্থিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়।
- ২৯/০৫/২০২২ ইং এর সভার কার্য বিবরণী পাঠ, গৃহিত ব্যবস্থা পর্যালোচনা শেষে অনুমোদিত হয়।
- বন্যা পরিস্থিতি মোকাবেলা ও বন্যার্তদের সহায়তা দেয়ার জন্য সকল কর্মকর্তাগণ ০১ দিনের সমপরিমান অর্থ আগামী ২৬/০৬/২০২২ ইং তারিখ রবিবার সকল বিভাগের বিভাগীয় প্রধানের নিকট জমা প্রদান করতে সিদ্ধান্ত গৃহিত হয়।
- আগামী ২৫/০৬/২০২২ ইং তারিখ শনিবার মাননীয় প্রধানমন্ত্রী স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধন করতে যাচ্ছেন। উদ্বোধন অনুষ্ঠানটি কুমিল্লা মেডিকেল কলেজ ক্যাম্পাসে সরাসরি সম্প্রচারের আয়োজন করা হবে। সম্মানিত সকল শিক্ষক/চিকিৎসক, কর্মকর্তা, কর্মচারী এবং সকল ব্যাচের ছাত্র-ছাত্রীগণকে সকাল ১১টা কলেজ ক্যাম্পাসে উপস্থিত থাকতে সিদ্ধান্ত গৃহিত হয়।
- আগামী ১লা আগস্ট ১ম বর্ষের (শিক্ষা বর্ষ-২০২১-২০২২) পরিচিত মূলক উদ্বোধনী অনুষ্ঠানটি সবার অংশগ্রহণে সুন্দরভাবে আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।
- সকল ফেইজ এ Integrated Class চালু করার সিদ্ধান্ত গৃহিত হয়।
- স্ব-স্ব বিভাগের উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে সপ্তাহে ১ দিন পরিচ্ছন্নতা দিবস পালনের সিদ্ধান্ত গৃহিত হয়।
- বর্তমানে কোভিড-১৯ এর উর্ধ্বগতি নিয়ে সবাইকে সতর্ক ও সচেতন হতে বলা হয়।
- অফিসে যথাসময়ে প্রস্থান ও বাহির এবং কর্তব্য ও নিষ্ঠার সহিত দায়িত্ব পালন করতে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণকে অনুরোধ করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সকলের সু-স্বাস্থ্য দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা কামাল আজাদ)
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২২- ১৫০৪ (৩৫)

তারিখ : ০৭.০৭.২০২২খ্রি:।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
- উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- অধ্যাপক (সকল).....বিভাগ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ফেইজ কো-অর্ডিনেটর-১/২/৩/৪, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট/লাইব্রেরী বিভাগ/, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- বিভাগীয় প্রধান (সকল).....বিভাগ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- হোস্টেল তত্ত্বাবধায়ক, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- সচিব, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ছাত্র শাখা, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, অফিস সহকারী (নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব), মেডিকেল এডুকেশন ইউনিট, কুমিল্লা।
- অফিস কপি।


(অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা কামাল আজাদ)
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা